

# পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭



মহাশয়,

আমাদের গর্বের সমিতির ৮৩তম দ্বি-বার্ষিক সম্মেলন ও ৯২তম বার্ষিক সাধারণ সভা আগামী ৬-৭ অক্টোবর, ২০১৮, মুর্শিদাবাদ জেলার বহরমপুর রবীন্দ্রসদনে অনুষ্ঠিত হবে। সম্মেলন শুরু হবে ৬ অক্টোবর, শনিবার সকাল ১০টায়। অধ্যাপক সমিতির এবারের সম্মেলনে সভাপতির আসন অলংকৃত করবেন শিক্ষাবিদ অধ্যাপক সুধীর চক্রবর্তী। উদ্বোধন করবেন সমিতির প্রাক্তন সাধারণ সম্পাদক অধ্যাপক সুদর্শন রায়চৌধুরী। সম্মেলনের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা মন্ত্রী ড. পার্থ চট্টোপাধ্যায়। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সাংসদ বদরুদ্দোজা খান সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ।

ঐ দিন সম্মেলনের দ্বিতীয় পর্বে 'ভারতের উচ্চশিক্ষা : সাম্প্রতিক বিষয় সমূহ -- আমাদের কর্তব্য' শীর্ষক একটি জাতীয় পর্যায়ে আলোচনা চক্র অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আলোচক হিসেবে উপস্থিত থাকবেন দিল্লী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক রাজীব রায়, সারাভারত অধ্যাপক ফেডারেশনের সাধারণ সম্পাদক অধ্যাপক অরুণ কুমার ও শিক্ষাবিদ অধ্যাপিকা মীরাতুন নাহার।

আপনাকে এই সম্মেলনে উপস্থিত হওয়ার জন্য সাদর আমন্ত্রণ জানাচ্ছি। আপনার উপস্থিতি আমাদের প্রাণিত করবে এই বিশ্বাস রাখি।

শ্রদ্ধা ও অভিনন্দন সহ

শ্রুতিনাথ প্রহরাজ

শ্রুতিনাথ প্রহরাজ  
সাধারণ সম্পাদক

শুভোদয় দাশগুপ্ত

শুভোদয় দাশগুপ্ত  
সভাপতি